

সামাজিক, বিভিন্ন স্থানে বসবাসকারী সামাজিক ব্যক্তিগণের ভিত্তিতে সময় সময় সামাজিক বা বৈশিষ্ট্য সমূহ

১১.৯ সামাজিক শ্রেণি—সংজ্ঞা ও বৈশিষ্ট্যসমূহ (Social Class— Definition and Characteristics) :

▲ সংজ্ঞা (Definition) : সামাজিক শ্রেণি হল আধুনিক সভ্য সমাজের সামাজিক

স্তর-বিন্যাসের এক প্রধান বৈশিষ্ট্য। অবশ্য এই শ্রেণিবিন্যাস তখনই সামাজিক স্তরবিন্যাসে গ্রাহ্য হয় যখন তার মধ্যে উচ্চ-নীচ ভেদাভেদ প্রকট হয়। একথা এজন্য বলা যে, শুধুমাত্র শ্রেণি বলতে ডাক্তার, ইঞ্জিনিয়ার প্রভৃতিকেও অনেক সময় বোঝাতে পারে। সামাজিক শ্রেণি বলতে উর্ধ্বাধঃভাবে বিন্যস্ত মনুষ্যগোষ্ঠীকে বোঝায়। সাধারণত আর্থিক আয়ের ওপর ভিত্তি করে সমাজের ব্যক্তিবর্গকে বিভিন্ন সামাজিক শ্রেণিতে বিভাজন করা হয়।

সামাজিক শ্রেণির সর্বজনগ্রাহ্য সংজ্ঞা প্রদান করা দুরূহ ব্যাপার। কারণ শুধুমাত্র আর্থিক আয়ের ভিত্তিতে যে শ্রেণিবিভাজন করা হয় বা আর্থিক আয়ই যে একমাত্র শ্রেণিবিভাজনের মাপকাঠি তা নয়, সামাজিক শ্রেণির ধারণার সাথে যুক্ত থাকে সামাজিক মর্যাদা, মানসিকতা, জীবনযাত্রা প্রণালি প্রভৃতি। শ্রেণির আলোচনায় একই সাথে অর্থনৈতিক, মনস্তাত্ত্বিক, জাতিগত ও অন্যান্য উপাদানগুলি বিবেচিত হয়েছে। কার্ল মার্কস তাঁর শ্রেণি সংক্রান্ত রচনায় অর্থনৈতিক দিকটির প্রতি গুরুত্ব আরোপ করেছেন। তিনি উৎপাদন উপকরণের মালিকানার ভিত্তিতে শ্রেণিকে দুটি ভাগে (Owner and non-owner of the means of production) ভাগ করেছেন— বুর্জোয়া (মালিক) ও প্রোলেতারিয়েত (শ্রমিক)। অবশ্য পরবর্তী সময়ে Capital (Das Capital) গ্রন্থে তিনি শ্রেণিকে তিনটি ভাগে ভাগ করেছেন। স্পেনসার প্রমুখরা শ্রেণিসংক্রান্ত আলোচনায় জৈবিক (biological) ও জাতিগত (racial) মনস্তাত্ত্বিক উপাদানের উপর গুরুত্ব আরোপ করেছেন। মার্কিন সমাজতাত্ত্বিকগণ শ্রেণিকে একটি সামাজিক-মনস্তাত্ত্বিক ঘটনারূপে (Socio-psychological phenomenon) মনে করেছেন, তাই তাঁরা শ্রেণিসচেতনতাকে বিশেষ গুরুত্ব দিয়েছেন। মার্কিন সমাজতত্ত্ববিদ R centers এর মতে, 'A social class system can well be regarded as a psychological phenomenon in the fullest sense of the term.' যাইহোক, সমাজতাত্ত্বিক আলোচনায় শ্রেণির ভিত্তি অর্থনৈতিক বিষয়াদি হলেও, এর সাথে অন্যান্য উপাদানগুলিও জড়িত। এ প্রসঙ্গে বটোমর বলেছেন "... Their basis is indisputably economic, but they are more than economic group" বিভিন্ন সমাজবিজ্ঞানী বিভিন্ন ভাবে সামাজিক শ্রেণির সংজ্ঞা নির্ধারণ করেছেন। এগুলি হল—

□ জিসবার্ট : সামাজিক শ্রেণি হল একটি মনুষ্য গোষ্ঠী যার সমাজে নির্দিষ্ট মর্যাদা আছে এবং যার দ্বারা স্থায়ীভাবে অন্য গোষ্ঠীর সদস্যদের সাথে ওই গোষ্ঠীর সম্পর্ক স্থিরীকৃত হয়।

□ অগবার্ন ও নিমকফ : সামাজিক শ্রেণি হল কোনো সমাজে সম-সামাজিক মর্যাদাসম্পন্ন ব্যক্তিবর্গের সমষ্টি।

□ জিনস্‌বার্গ : সামাজিক শ্রেণি হল জনসমষ্টির একটি অংশ যারা শিক্ষায়, বৃত্তিতে অন্য গোষ্ঠীর থেকে স্বতন্ত্র এবং সাম্যের ভিত্তিতে প্রতিষ্ঠিত।

□ ম্যান্ড ওয়েবার : সামাজিক শ্রেণি হল এক মনুষ্যসমষ্টি যাদের সমজীবনযাত্রার মান প্রাপ্তির সমান সুযোগ ও সম্ভাবনা আছে।

□ লা পেয়ার : A social class is culturally defined group that is accorded a particular position of status within the population as a whole.

□ বটোমর : Social classes are de facto (not legally or religiously defined and sanctioned) groups they are relatively open, not closed.

□ ড্রেসলার : A social class consists of a number of people who have approximately equal position in a society which may be achieved rather than ascribed, with some opportunity for movement upward or downward to another class.

□ বাকলে : শ্রেণি হল সমাজের পরিসংখ্যানগতভাবে নিরূপণীয় গোষ্ঠী, যা সম্পদ, ক্ষমতা, মর্যাদার মানদণ্ডে সামাজিকভাবে পৃথকীকৃত।

("... it refers to statistically ascertainable groupings of a society differing in socially significant ways in their possession of and access to wealth, power, and / or prestige.")

□ এলি চিনয় (Ely Chinoy) : তিনি শ্রেণিকে ".... as a number of person sharing a common position in the economic order" হিসাবে দেখেছেন।

□ ম্যাকাইভার ও পেজ : সামাজিক শ্রেণি হল সম্প্রদায়ের একটি অংশ যা অপর অংশ থেকে সামাজিক মর্যাদার ভিত্তিতে পৃথক।

ম্যাকাইভার ও পেজের সংজ্ঞা অনুসরণে বলা যায়, সামাজিক মর্যাদার পার্থক্যের ভিত্তিতে সামাজিক শ্রেণিগুলির সৃষ্টি হয়। আর্থিক আয় মর্যাদা তৈরির একটি অন্যতম বিষয়। আর্থিক আয় বা বৃত্তির ভিন্নতার কারণে সমাজে ব্যক্তির মর্যাদা ভিন্ন ভিন্ন হয়ে থাকে। স্বাভাবিকভাবেই ভিন্ন ভিন্ন মর্যাদানুসারী গোষ্ঠী বা দল তৈরি হয়, যারা পরস্পরের সাথে পৃথক হয়ে থাকে। এই গোষ্ঠী বা দলগুলিই হল এক একটি সামাজিক শ্রেণি। এই শ্রেণিগুলি অন্যান্য শ্রেণিগুলির থেকে নিজেদের স্বতন্ত্র ও উন্নত বলে মনে করে। কোনো শ্রেণির অন্তর্ভুক্ত সকল ব্যক্তি যখন নিজেদেরকে একই অভিন্ন শ্রেণিভুক্ত বলে মনে করে এবং এক্ষেত্রে যে বোধ কাজ করে তার থেকেই জন্ম নেয় শ্রেণি-চেতনা (class consciousness). অভিন্ন শ্রেণিভুক্ত সদস্যগণের মধ্যে শিক্ষাদীক্ষা, চিন্তা-চেতনা, পোশাক-পরিচ্ছদ, জীবনযাত্রা প্রভৃতি ক্ষেত্রে অভিন্নতা লক্ষ্য করা যায়। এই অভিন্নতা বোধও শ্রেণি চেতনাকে সুদৃঢ় করে তোলে।

শ্রেণি হওয়ার শর্তাবলি (Criteria to be a class) :

DSC-1B (CC- 2) : Sociology of India

DSC1BT: Sociology of India

Course Outline:

1. India as a Plural Society
2. Social Institutions and Practices
 - 2.1 Caste
 - 2.2 Tribe
 - 2.3 Class
 - 2.4 Village
 - 2.5 Family and Kinship
3. Identities and Change
 - 3.1 Dalits' Movement
 - 3.2 Women's Movement
4. Challenges to State and Society
 - 4.1 Communalism
 - 4.2 Secularism